কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৬০০ তারিখঃ ২০-০৮-২০২৪খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের জুন, ২০২৪ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২৯/০৭/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (জুন,২০২৪ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (জুলাই,২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২২-০৮-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পৃষ্ঠা।

২০/০৮/২০২৪


মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৫০
e-mail: repon303@yahoo.com


**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংশ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্টিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংশ)" শীর্ষক প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের (জুন/২০২৪ পর্যন্ত) সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ মাসুদ করিম
মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।
তারিখ : ২৯ জুলাই , ২০২৪ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র জুন,২০২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপপরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপপরিচালক (পিপি) সভাপতির নির্দেশনা মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**১। আলোচ্য বিষয়সমূহঃ**

**১। গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

গত ১২/০৬/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। মহাপরিচালকের অনুমোদনক্রমে গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**২.১।** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে আরএডিপি মোতাবেক মোট ১৩০.৫১ কোটি টাকা এবং ০২টি কর্মসূচি'র অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ২৮৪.৪৮ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৬টি প্রকল্পের আওতায় জুন, ২০২৪ পর্যন্ত ১১১.৩৯ কোটি (৮৫.৩৫%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে জুন, ২০২৪ পর্যন্ত ৯৬.৪৪ কোটি (৭৩.৯০%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের বিপরীতে ২৮৪.৪৮ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হয় এবং জুন, ২০২৪ পর্যন্ত ২৭৯.৮২ লক্ষ (৯৮.৩৬%) টাকা ব্যয় করা হয়। অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প ও কর্মসূচি'র অগ্রগতি আশানুরুপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।

**২.২। প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ**

২০২৩-২৪ অর্থ বছরের জুন,২০২৪ পর্যন্ত প্রকল্প ও কর্মসূচিভিত্তিক আরএডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব নিম্নে উপস্থাপন করা হলো।



CamScanner

### ক) প্রকল্পসমূহের আরএডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | আরএডিপি বরাদ্দ | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অংশ) | ৪৬.৫০ | ১১.৬৩ | ৩৪.৮৭ | ৪৫.০৬ (৯৬.৯০%) | ১১.২১ (৯৬.৩৯%) | ৩৩.৮৫ (৯৭.০৭%) | ৪০.১৯ (৮৬.৪৩%) | ১০.৮৬ (৯৩.৩৮%) | ২৯.৩৩ (৮৪.১১%) |
| ২ | এসডিএএমপি | ৩১.২৬ | ৩১.২৬ | ০ | ১৮.৩২ (৫৮.৬১%) | ১৮.৩২ (৫৮.৬১%) | ০ | ১৮.৩০ (৫৮.৫৪%) | ১৮.৩০ (৫৮.৫৪%) | ০ |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ১০.৮০ | ১০.৮০ | ০ | ১০.৭৭ (৯৯.৭২%) | ১০.৭৭ (৯৯.৭২%) | ০ | ১০.৭৫ (৯৯.৫৬%) | ১০.৭৫ (৯৯.৫৬%) | ০ |
| ৪ | আলুর প্রকল্প | ১৮.৯৯ | ১৮.৯৯ | ০ | ১৮.৯৯ (১০০%) | ১৮.৯৯ (১০০%) | ০ | ১৮.৬৪ (৯৮.১৬%) | ১৮.৬৪ (৯৮.১৬%) | ০ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ২০.৯০ | ৫.৩৪ | ১৫.৫৬ | ১৬.৩৪ (৭৮.১৮%) | ৫.৩৪ (১০০%) | ১১.০০ | ৬.৯৪ (৩৩.২১%) | ৩.৪২ (৬৪.০৪%) | ৩.৫২ (২২.৬২%) |
| ৬ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ২.০৬ | ২.০৬ | ০০.০০ | ১.৯১ (৯২.৮২%) | ১.৯১ (৯২.৮২%) | ০০.০০ | ১.৬২ (৭৮.৬৪%) | ১.৬২ (৭৮.৬৪%) | ০.০০ |
| | **সর্বমোট** | **১৩০.৫১** | **৮০.০৮** | **৫০.৪৩** | **১১১.৩৯ (৮৫.৩৫%)** | **৬৬.৫৪ (৮৩.০৯%)** | **৪৪.৮৫ (৮৮.৯৪%)** | **৯৬.৪৪ (৭৩.৯০%)** | **৬৩.৫৯ (৭৯.৪১%)** | **৩২.৮৫ (৬৫.১৪%)** |

### খ) কর্মসূচিভিত্তিক বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৩-২৪ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ২৪৮.৪৮ | ২৪৮.৪৮ | ০ | ২৪৮.৪৮ (১০০%) | ২৪৮.৪৮ (১০০%) | ০ | ২৪৪.৩৬ (৯৮.৩৪%) | ২৪৪.৩৬ (৯৮.৩৪%) | ০ |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ৩৬.০০ | ৩৬.০০ | ০ | ৩৬.০০ (১০০%) | ৩৬.০০ (১০০%) | ০ | ৩৫.৪৬ (৯৮.৫০%) | ৩৫.৪৬ (৯৮.৫০%) | ০ |
| | **সর্বমোট** | **২৮৪.৪৮** | **২৮৪.৪৮** | **০** | **২৮৪.৪৮** | **২৮৪.৪৮** | **০** | **২৭৯.৮২ (৯৮.৩৬)** | **২৭৯.৮২ (৯৮.৩৬)** | **০** |

### ২.৩ দরপত্র পর্যালোচনাঃ

২০২৩-২৪ অর্থ বছরের কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের আরএডিপি'র বিপরীতে মোট ৯৫টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা ছিল। উক্ত দরপত্র/প্যাকেজসমূহের মধ্যে জুন, ২০২৪ পর্যন্ত ৮৯ টি (৯৩.৬৮%) দরপত্র আহবান করা হয়; তন্মধ্যে ৮৪টির (৮৮.৪২%) কার্যদেশ প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে আরএফকিউ পদ্ধতিতে মোট ৩১টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্র ছিল; তন্মধ্যে জুন,২০২৪ পর্যন্ত ৩১টি (১০০%) দরপত্র আহবান করা হয়েছে এবং ৩১টি (১০০%) কোটেশনের কার্যদেশ প্রদান করা হয়েছে। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ২টি কর্মসূচি'র অনুকূলে দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা ছিল ২টি এবং ২টিই বাস্তবায়িত হয়েছে। আরএফকিউ পদ্ধতিতে মোট ৫ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে জুন,২০২৪ পর্যন্ত ৫টি (১০০%) কোটেশনের কার্যদেশ প্রদান করা হয়।



CamScanner

**প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ**

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ২৮ | ২৮ | ২৮ | ৬ | ৬ | ৬ |
| ২ | এসডিএএমপি | ৪ | ৪ | ৪ | ৭ | ৭ | ৭ |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ১৬ | ১৫ | ১৫ | ১ | ১ | ১ |
| ৪ | আলুর প্রকল্প | ১৩ | ১৩ | ১৩ | ৩ | ৩ | ৩ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংশ) প্রকল্প | ২৫ | ২০ | ১৫ | ৭ | ৭ | ৭ |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ৯ | ৯ | ৯ | ৭ | ৭ | ৭ |
| | সর্বমোট | ৯৫ | ৮৯ | ৮৪ | ৩১ | ৩১ | ৩১ |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ১ | ১ | ১ | ০ | ০ | ০ |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ১ | ১ | ১ | ৫ | ৫ | ৫ |
| | সর্বমোট | ২ | ২ | ২ | ৫ | ৫ | ৫ |

**৩.০। গত ১২ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় গ্রহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প/কর্মসূচি'র হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.১ | উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে ওয়ার্কসপ, বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস বিষয়ক কৃষক প্রশিক্ষণ, পোস্টহারভেস্ট প্রাইমারী প্রসেসিং বিষয়ক কৃষক প্রশিক্ষণ ও উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর এসএসিপি (বিপণন অংশ) | সিদ্ধান্ত অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানিয়েছেন। |
| ৩.২ | প্রকল্পের আওতায় যে ০৫ (পাঁচ)টি জেলায় নির্মাণ কাজ সমাপ্তের পথে সেসকল জেলায় নির্মাণ কাজ বিওকিউ অনুসারে সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাগণকে নির্মাণ কাজ তদারকি করার জন্য পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প। | প্রকল্পের আওতায় পাবনা, সাতক্ষীরা, চাঁপাইনবাবগঞ্জ, পিরোজপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলায় নির্মাণ কাজ বিওকিউ অনুসারে সম্পন্ন হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাগণ নিয়মিত তদারকি করছেন। |
| ৩.৩ | প্রকল্পের আওতায় নির্মিত ২০২৩-২০২৪ অর্থবছরে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে | প্রকল্প পরিচালক কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। | পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |



CamScanner

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প/কর্মসূচি'র হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.৪ | ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল দরপত্র আহবান ও বরাদ্দ অনুযায়ী কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প পরিচালক আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প। | ২০২৩-২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল দরপত্র আহবান ও বরাদ্দ অনুযায়ী কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ৩.৫ | প্রকল্পের কর্ম ও ক্রয় পরিকল্পনানুযায়ী স্টেকহোল্ডার কর্মশালা, মাল্টি-স্টেকহোল্ডার প্লাটফর্ম (এমএসপি), মার্কেট ইন্টিগ্রেশন সেবা ক্রয় এবং বাজার কারবারীদের বিজনেস স্কুল বিষয়ক কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | এজেন্সি প্রোগ্রম ডিরেক্টর পার্টনার প্রকল্প (বিপণন অংগ) | প্রকল্পের কর্ম ও ক্রয় পরিকল্পনানুযায়ী স্টেকহোল্ডার কর্মশালা, মাল্টি-স্টেকহোল্ডার প্লাটফর্ম (এমএসপি), মার্কেট ইন্টিগ্রেশন সেবা ক্রয় এবং বাজার কারবারীদের বিজনেস স্কুল বিষয়ক কার্যক্রম দ্রুত শেষ করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ৩.৬ | ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি অনুযায়ী কর্ম পরিকল্পনা, অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্তি, পণ্য ও সেবা ক্রয় পরিকল্পনা অনুযায়ী আর্থিক ও ভৌত অগ্রগতি সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ এবং আরএডিপি মোতাবেক অর্থব্যয় শতভাগ নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানিয়েছেন। |
| ৩.৭ | ২০২৩-২৪ অর্থ বছরে কর্মপরিকল্পনা ও পিপিএনবি অনুযায়ী দ্রুততার সাথে কার্যক্রম শেষ করতে হবে। কর্মসূচির আওতায় সম্পাদিত কার্যক্রমের মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | কর্মসূচি পরিচালক (সকল) | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে কর্মসূচি হতে জানিয়েছেন। |
| ৩.৮ | ২০২৩-২৪ অর্থবছরের চলমান প্রকল্পসমূহে আরএডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে শতভাগ বাস্তবায়ন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প ও কর্মসূচি হতে জানিয়েছেন। |

**৪। বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা দেয়া হলেও প্রকল্পের কিছু কিছু কোডে বিধি নিষেধ থাকায় প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ২০২৪-২৫ অর্থবছরের চলমান সকল প্রকল্পের প্রকল্প পরিচালককে ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্ট বিধিমোতাবেক যথাযথ ও সময়মতো সম্পন্নকরণ এবং এডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে শতভাগ বাস্তবায়ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। আগামী অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের সময় প্রকল্প পরিচালক পর্যায়ে প্রকল্পের AMS এ এন্ট্রিকৃত কপি আবশ্যকভাবে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কে অবহিত করতে সভাপতি নির্দেশনা দেন। সরকারি তহবিলের দ্বারা পণ্যসামগ্রী ক্রয়ে সরকারি ক্রয় আইন ও বিধির যথাযথ প্রয়োগ, অর্থের সর্বোত্তম ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে এখন থেকে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে গুণগতমান অনুযায়ী যাচাই/বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদনের পূর্বে পণ্যের একটি নমুনা পরিচালক, নীতি ও পরিকল্পনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।



CamScanner

এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ দলিলসমূহ (Standard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০(২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ এবং একটি হার্ডকপি মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণসহ সকল দরপত্র (ম্যানুয়াল) কৃষি বিপণন অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখা ও সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর হতে বিক্রয়ের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | প্রকল্পের ২০২৪-২৫ অর্থবছরের জন্য সময়ভিত্তিক এবং বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা দ্রুততম সময়ে প্রস্তুত ও চূড়ান্ত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.২ | বার্ষিক ক্রয়পরিকল্পনা চূড়ান্ত করে সেপ্টেম্বর ২০২৪ মাসের মধ্যে সকল দরপত্র আহবান করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৩ | প্রকল্প পরিকল্পনা এবং বাস্তবায়নে কোন ধরনের ভুল-ত্রুটি, অনিয়ম, দুর্নীতি যেন না হয় সে বিষয়ে প্রকল্প পরিচালকগণ সতর্ক থাকবেন এবং প্রকল্প ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধিবিধান মেনে quality expenditure করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৪ | কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে গুণগতমান অনুযায়ী যাচাই/বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদনের পূর্বে পণ্যের একটি নমুনা পরিচালক, নীতি ও পরিকল্পনা শাখায় প্রদান করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৫ | কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ দলিলসমূহ (Standard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০(২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৬ | কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচির আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের সকল দরপত্র সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে বিক্রয়ের ব্যবস্থা চালু করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৮/২০২৪

মোঃ মাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর



CamScanner